**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯৩/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ১১ মে ২০১৭, ২৮ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীকে আরব ইসলামিক আমেরিকান সম্মেলনে যোগদানে সৌদি বাদশাহর আমন্ত্রণ

২। বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় গৌতম বুদ্ধের আদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে : রাষ্ট্রপতি

৩। জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ সবচেয়ে বেশি কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে : অর্থমন্ত্রী

৪। ভ্যাটের হার কমছে : অর্থমন্ত্রী

৫। দেশকে অসাম্প্রদায়িক সম্প্রীতিতে এগিয়ে নিতে হবে : বাণিজ্যমন্ত্রী

৬। বনানীর দুই তরুণী ধর্ষণ মামলার আসামিরা দ্রুত গ্রেফতার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। বাংলাদেশ শান্তি ও সম্প্রীতির দেশ : স্পিকার

৮। কিছু ব্যবসায়ী খাদ্যের কৃত্রিম সংকট তৈরি করছেন : খাদ্যমন্ত্রী

৯। উৎপাদন ও বিতরণে উন্নত দেশের সহযোগিতা নেওয়া হবে : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

১০। আজ পবিত্র শবেবরাত

১। **প্রধানমন্ত্রীকে আরব ইসলামিক আমেরিকান সম্মেলনে যোগদানে সৌদি বাদশাহর আমন্ত্রণ**

সৌদি বাদশাহ এবং দুই পবিত্র মসজিদের খাদেম সালমান বিন আবদুল আজিজ আল সৌদ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আরব ইসলামিক আমেরিকান ঐতিহাসিক সম্মেলনে যোগদানের আমন্ত্রণ জানিয়েছেন। আগামী ২১ মে সৌদি আরবের রাজধানী রিয়াদে এই সম্মেলন অনুষ্ঠিত হবে। সফররত সৌদি সংস্কৃতি এবং তথ্যমন্ত্রী ড. আওয়াদ বিন-সালেহ-আল আওয়াদ গতকাল ১০ মে বুধবার রাতে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে এই আমন্ত্রণপত্র হস্তান্তর করেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ বিভিন্ন দেশের সরকার ও রাষ্ট্র প্রধানগণ এই সম্মেলনে যোগ দেবেন। বৈঠকে জঙ্গিবাদের বিষয়টি এলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, শুধু বাংলাদেশ যে এর মোকাবিলা করছে তা নয়, এটি এখন বৈশ্বিক সমস্যা। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে তার সরকারের জিরো টলারেন্স নীতি পুনর্ব্যক্ত করে বলেন, তার সরকার দেশে সকল শ্রেণী-পেশার মানুষকে ঐক্যবদ্ধ করে এই ক্ষত দূর করতে সামাজিক আন্দোলন গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

২। **বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় গৌতম বুদ্ধের আদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে : রাষ্ট্রপতি**

অশান্ত ও অসহিষ্ণু বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় গৌতম বুদ্ধের আদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, আজকের এ অশান্ত ও অসহিষ্ণু বিশ্বে মূল্যবোধের অবক্ষয় রোধ ও সমাজে শান্তি প্রতিষ্ঠায় বুদ্ধের জীবনাদর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে আমার বিশ্বাস। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে গতকাল ১০ মে বুধবার বঙ্গভবনে বৌদ্ধ ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯ ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

৩। **জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ সবচেয়ে বেশি কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে : অর্থমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ বিশ্বের মধ্যে সবচেয়ে বেশি কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের ভূমিকা নগণ্য হলেও বাংলাদেশ এ কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। জলবায়ু পরির্তনের ফলে যে ক্ষতি হয় তা পূরণ করা সহজ কাজ নয়। কিন্তু বাংলাদেশ তা করতে সক্ষম হচ্ছে। গতকাল ১০ মে বুধবার জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ে তিন দিনব্যাপী এশিয়া-প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়নের (এবিইউ) ৩য় গণমাধ্যম সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তথ্য সচিব মুর্তজা আহমেদের সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এবং বিশেষ অতিথি ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.১)।

৪। **ভ্যাটের হার কমছে : অর্থমন্ত্রী**

নতুন মূল্য সংযোজন কর (ভ্যাট) আইন সংশোধন করে হার কমিয়ে আনা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ১০ মে বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) 'ভ্যাট অনলাইন মোবাইল হেল্প ডেস্ক'-এর উদ্বোধন অনুষ্ঠানে এ কথা জানান তিনি। তবে ভ্যাট হার কত কমবে, এ বিষয়ে কিছু বলেননি। তিনি বলেন, একটি স্বস্তিদায়ক হার নির্ধারণ করা হবে, যাতে সবাই উপকৃত হয়। গতকাল ১০ মে বুধবার এ বিষয়ে সরকারের সর্বশেষ অবস্থান পরিষ্কার করলেন অর্থমন্ত্রী। আগামী ১ জুলাই থেকে নতুন ভ্যাট আইন কার্যকর করতে

বদ্ধপরিকর সরকার। সূত্র-**সমকাল** (শেষ.পৃ.ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.**১), বাংলাদেশ টুডে** (পৃ.**১**,ক.২), **এশিয়ান এজ** (পৃ.**১**,ক.৬)।

৫। **দেশকে অসাম্প্রদায়িক সম্প্রীতিতে এগিয়ে নিতে হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ গৌতম বুদ্ধের আদর্শকে ধারণ করে দেশকে অসাম্প্রদায়িক সম্প্রীতিতে এগিয়ে নেয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল ১০ মে বুধবার রাজধানীর বাসাবোর ধর্মরাজিক বৌদ্ধ বিহারে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান। অনুষ্ঠানের উদ্বোধন করেন ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) প্রেসিডেন্ট ও ঢাকা-৯ আসনের সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৫)।

৬। **বনানীর দুই তরুণী ধর্ষণ মামলার আসামিরা দ্রুত গ্রেফতার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

বনানীতে দুই তরুণী ধর্ষণের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ধর্ষণকারীরা যতই প্রভাবশালী হোক না কেন, তাদের দ্রুত গ্রেফতার করা হবে। কেউ আইনের উর্ধে নয়, আইন সবার জন্য সমান। গতকাল ১০ মে বুধবার রাজধানীর মেরুল বাড্ডায় বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৭। **বাংলাদেশ শান্তি ও সম্প্রীতির দেশ : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশ শান্তি ও সম্প্রীতির দেশ। অসাম্প্রদায়িক মনোভাব নিয়ে বাঙালি চেতনায় এ দেশের সব মানুষের মাঝে বিরাজ করছে অভূতপূর্ব মেলবন্ধন। হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, মুসলমানসহ নানা ধর্মের মানুষের সহাবস্থান বাংলাদেশের এক অনন্য বৈশিষ্ট্য। গতকাল ১০ মে বুধবার 'শুভ বুদ্ধ পূর্ণিমা' উপলক্ষে রাজধানীর জাতীয় জাদুঘরের সামনে 'বাংলাদেশ বৌদ্ধ সাংস্কৃতিক পরিষদ' আয়োজিত শান্তি, শোভাযাত্রা ও সম্প্রীতি উৎসবে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। ধর্ম বিষয়কমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান শোভাযাত্রার উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৪,ক.৫)।

৮। **কিছু ব্যবসায়ী খাদ্যের কৃত্রিম সংকট তৈরি করছেন : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেছেন, দেশে কোনো খাদ্য সংকট নেই। জনগণকে চিন্তায় ফেলতেই এক শ্রেণির অসাধু ব্যবসায়ী খাদ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করছেন। এ অবস্থা চলতে থাকলে সরকার তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বাধ্য হবে। গতকাল বুধবার ১০ মে জাতীয় প্রেসক্লাবে চন্দ্রাবতী ফাউন্ডেশন আয়োজিত 'হাওরাঞ্চলের মানুষের আর্তনাদ' শীর্ষক আলোচনা সভা ও কৃষিবিদ ড. নিয়াজ উদ্দিন পাশা স্মরণসভায় খাদ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ৫ ক. ১)।

৯। **উৎপাদন ও বিতরণে উন্নত দেশের সহযোগিতা নেওয়া হবে : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, লোড ব্যবস্থাপনা ও বিতরণের মাঝে সমন্বয় সাধনে ন্যাশনাল লোড ডেসপ্যাচ সেন্টার (এনএলডিসি) আধুনিকায়নে সুইডেনসহ উন্নত দেশের সহযোগিতা নেওয়া হবে। গতকাল ১০ মে বুধবার সুইডেনের স্টকহোমে দেশটির জাতীয় বিদ্যুৎ গ্রিড উন্নয়ন ও বিদ্যুৎ সঞ্চালন সংস্থা 'সভেন্সকা ক্রাফটনাট' পরিদর্শনকালে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)।

১০। **আজ পবিত্র শবেবরাত**

আজ বৃহস্পতিবার দিবাগত রাতে পালিত হবে পবিত্র শবেবরাত। শাবান মাসের ১৪ তারিখ রাতটি বিশ্ব মুসলিম উম্মাহ পালন করে মহিমান্বিত সৌভাগ্যের রজনী ইসলাম ধর্মাবলম্বীরা বিশ্বাস করেন, এ রাতেই নির্ধারিত হয় পরবর্তী এক বছরের হায়াত, রিজিক, আমল। এ রাতে রয়েছে আল্লাহর দরবারে পাপ মোচনের সুযোগ। সওয়াব লাভের উদ্দেশ্যে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের মুসলমানরাও এ রাতে ইবাদত-বন্দেগি, জিকির-আসকার,

মিলাদ-মাহফিল, নফল নামাজ আদায় ও কোরআন তেলাওয়াতে মশগুল থাকবেন। মহিমান্বিত এ রাতের ফজিলত সম্পর্কে বলা হয়েছে, এই রাতে মুমিনদের প্রতি আল্লাহর বিশেষ অনুগ্রহ বর্ষিত হয়। পবিত্র শবেবরাত উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

=৪=

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, প্রথম আলো, ইনকিলাব, সংবাদ, সমকাল, যায়যায়দিন, নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট** : আজ মহিমান্বিত রজনী শবেবরাত উল্লেখ করে, এ রাত সমগ্র জাতির জন্য কল্যাণ বয়ে আনবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** পবিত্র রমজান মাসকে সামনে রেখে কিছু অসাধু ব্যবসায়ীর নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির অপপ্রয়াস বন্ধে কঠোর নজরদারির সুপারিশ।

গ. **সংবাদ, ডেইলি স্টার :** প্রায় চার বছর আগে মারা যাওয়া এক ব্যক্তিকে ও **১১** মাসের শিশুকে আসামি করে মিরপুর মডেল থানার তদন্ত কর্মকর্তা একটি মামলার চার্জশিট দেওয়ার ঘটনার নিন্দা জানিয়ে পুলিশের এ ধরনের অসততা ও গাফিলতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** দেশে বজ্রপাতে ক্ষয়ক্ষতি ও মৃত্যুর ঘটনা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এর পরিপেক্ষিতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত জরুরি বলে মত প্রকাশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বনানীতে বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রীর শারীরিকভাবে নির্যাতিত হওয়ার ঘটনায় জড়িতদের গ্রেফতার করে যথাযথ বিচারের ব্যবস্থা করার সুপারিশ।

চ. **ডেইলি সান :** প্রতি বছর ভূমিধসে গড়ে **১৩** জন নিহত হওয়ায় পার্বত্য চট্টগ্রামের **১৩**টি পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসরতদের নিরাপত্তায় দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** বুড়িগঙ্গার পাড়ে সদরঘাট-গাবতলি সড়কের পাশে প্রকাশ্য দিবালোকে বর্জ্য পোড়ানোর ঘটনা পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় অতিদ্রুত এ ব্যবস্থা বন্ধ করার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** হাওর অঞ্চলের বন্যাদুর্গত কৃষকদের সহায়তায় ভিজিএফ চাল, ওএমএস চাল ও অন্যান্য রিলিফ পণ্য যথাযথভাবে সরবরাহ করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ নেশন :** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্যায়ে জব রিলেটেড স্কিল গড়ে তুলতে বিশ্ব্যব্যাংক ও এডিবি'র সহায়তায় **১৬** বিলিয়ন মার্কিন ডলারের ফান্ডের অর্থ ব্যয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ঞ. **নিউ এজ :** ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটের ভাঙ্গা এয়ার কণ্ডিশনার অতি দ্রুত মেরামত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে দেশে গণতান্ত্রিক ব্যবস্থাকে জোরদার করতে হলে রাজনৈতিক নেতৃত্বকে গণতান্ত্রিক মূল্যবোধের গভীর আস্থা পোষণ এবং বাস্তবে তার প্রতিফলনের লক্ষ্যে আন্তরিক প্রয়াসের কোনো বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সুশিক্ষক সংকট'** শিরোনামের নিবন্ধে হাবিবুর রহমান স্বপন বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান বাড়াতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সর্বাধিক যোগ্য বা সর্বাধিক মেধাবীকে নিয়োগ

প্রদান করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা